# বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

**Website:** www.bmeb.gov.bd, **E-mail:** info@bmeb.gov.bd, **Fax:** 58616681, 58617908, 9615576


নং-বামাশিবো/প্রশাসন/দিনাজপুর-১৩৪/২/১৬৫৮

তারিখ: ১৮ কার্তিক, ১৪২৯ / ৩ নভেম্বর, ২০২২

**বিষয়: রিট পিটিশন নং-১৩২১/২০১৯ এ মাননীয় হাইকোর্ট বিভাগ কর্তৃক প্রদত্ত ১৩.০২.২০১৯ খ্রি. তারিখের আদেশের প্রেক্ষিতে মাদ্রাসার সাময়িক বরখাস্তকৃত অধ্যক্ষ জনাব মো: নুরুল ইসলাম কর্তৃক দাখিলী ১৫.১১.২০১৮ খ্রি. তারিখের আবেদন (Annexure-E) নিষ্পত্তি প্রসঙ্গে।**

সূত্র:
১। জনাব মো: নুরুল ইসলাম এর আবেদন তারিখ: ১৩.০২.২০১৮ খ্রি.
২। ভারপ্রাপ্ত অধ্যক্ষের অভিযোগ তারিখ: ২৫.০৩.২০১৮ খ্রি.
৩। বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের স্মারক নং-বামশিবো/প্রশাসন/দিনাজপুর-১৩৪/৯৮৬; তারিখ: ১৮.১০.২০১৮ খ্রি.
৪। বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের স্মারক নং-বামাশিবো/সংস্থাপন/আপিল-৪৭৪/৪; তারিখ: ২৪.০২.২০২০ খ্রি.
৫। বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের স্মারক নং- বামাশিবো/প্রশা/দিনাজপুর-১৩৪/১৩১৭; তারিখ: ২১.০৬.২০২২ খ্রি.

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, দিনাজপুর জেলার সদর উপজেলাধীন রাণীপুর নুরুল হুদা আলিম মাদ্রাসার অধ্যক্ষ (বরখাস্তকৃত) জনাব মো: নুরুল ইসলাম তার আবেদনে উল্লেখ করেন যে, তিনি চাকুরির সকল শর্তপূরণ সাপেক্ষে সুপার হিসেবে অত্র মাদ্রাসায় গত ২৬.১১.১৯৯৫ খ্রি. তারিখ যোগদান করেন এবং ফেব্রুয়ারি/১৯৯৬ খ্রি. তারিখ হতে এমপিওভূক্ত হন যার ইনডেক্স নম্বর-৩৮৪৬৯৪। পরবর্তীতে মাদ্রাসাটি আলিম স্তরে উন্নীত হলে মাদ্রাসা কর্তৃপক্ষ সকল শর্ত পূরণপূর্বক তাঁকে ০১.০৭.১৯৯৬ খ্রি. তারিখ অধ্যক্ষ হিসেবে পদোন্নতি প্রদান করেন। মাদ্রাসার এডহক কমিটি গত ১০.০৯.২০১৫ খ্রি. তারিখ জনাব মো: নুরুল ইসলামকে সাময়িক বরখাস্ত করেন। পরবর্তীতে গভার্নিং বডি ০৫.০৩.২০১৭ খ্রি. তারিখে চূড়ান্তভাবে বরখাস্ত করেন একইসাথে তার বেতন ভাতাদি সম্পূর্ণভাবে বন্ধ করে দেন। কিন্তু কোন শিক্ষককে চাকুরী থেকে সাময়িক বরখাস্ত/চূড়ান্ত বরখাস্ত করার ক্ষেত্রে বে-সরকারি মাদ্রাসা শিক্ষকদের চাকুরি বিধি ১৯৭৯ সালের ১১,১২,১৩ ও ১৪ ধারা এবং গভার্নিং বডি ও ম্যানেজিং কমিটি প্রবিধানমালা ২০০৯ এর বিধি বিধান অনুসরণ করা আবশ্যক কিন্তু এ ক্ষেত্রে অধিকাংশ বিধি বিধান অনুসরন করা হয়নি।

২। উল্লেখ্য উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সদর, দিনাজপুর, উপজেলা সমাজসেবা অফিসার, সদর, দিনাজপুরকে সদস্য এবং উপজেলা চেয়ারম্যান,সদর, দিনাজপুর-কে, আহবায়ক করে গঠিত তদন্ত কমিটি ইতিপূর্বে ১৭.০১.২০১৭ খ্রি. তারিখ তদন্ত প্রতিবেদন পেশ করেন। তদন্ত প্রতিবেদনে নিম্নোক্ত মতামত প্রদান করেন: (ক) জনাব মো: নুরুল ইসলাম বিধি সম্মতভাবে ছুটি গ্রহণ করেননি এবং বিধি লঙ্ঘন করে বর্তমানে অনুপস্থিত আছেন; (খ) মাদ্রাসা প্রতিষ্ঠালগ্ন (১৯৬১ সাল) থেকে ২০১২ সাল পযন্ত লিজ প্রদানে অনিয়ম পরিলক্ষিত হয়; (গ) গাছ কর্তনের ক্ষেত্রে শিক্ষা মন্ত্রণালয়ের পরিপত্র অনুসরণ করা হয়নি (ঘ) উচ্চতর স্কেল প্রদানে অনিয়ম পরিলক্ষিত হয়; (ঙ) অতিরিক্ত উত্তোলিত অর্থ সরকারি কোষাগারে ফেরৎযোগ্য; (চ) বেসরকারি বেতন বাবদ প্রদর্শিত অর্থ শিক্ষক/কর্মচারীদের বিতরণ না করায় বিষয়টি অধ্যক্ষের আর্থিক অনিয়মে বলে গণ্য করা যায়; (ছ) প্রতিষ্ঠানের পাসওয়ার্ড অধ্যক্ষের নিকট সংরক্ষিত থাকে। কাজেই একই ব্যক্তির নামে একাধিক ফাইল প্রেরণ এবং জাল স্বাক্ষরযুক্ত রেজুলেশন/কাগজপত্র প্রেরণ, পদোন্নতি সংক্রান্ত জটিলতাসহ প্রতিষ্ঠানের উদ্ভুত সকল পরিস্থিতির জন্য অধ্যক্ষের কর্তব্যে অবহেলা বলে মনে করা যায়; (জ) এমপিও থেকে মো: হারিজ উদ্দিন এর নাম কর্তনের বিষয়ে কোন পদক্ষেপ গ্রহণ না করার বিষয়টি উদ্দেশ্যমূলক এবং অধ্যক্ষের কর্তব্যের অবহেলা বলে মনে করা হয়।

৩। সূত্রোক্ত ৩ নং স্মারক মোতাবেক একই বিষয়ে ইতিপূর্বে নাশকতা ও ধ্বংসাত্মক কাযকলাপের অভিযোগসহ বিভিন্ন অভিযোগে ০৯ (নয়)টি মামলা তদন্তাধীন/অভিযোগপত্র দাখিল/বিচারাধীন থাকায় সংশ্লিষ্ট সকলকে শুনানী করে তাঁকে আপাতত পূন:র্বহালের আইনগত সুযোগ নেই মর্মে জানিয়ে পত্র প্রেরণ করা হয়।

৪। বোর্ডে দাখিলকৃত জনাব মো: নুরল ইসলাম এর চাকুরী থেকে অপসারণের জন্য দাখিলী দরখাস্ত বোর্ডের আপীল ও আবিট্রেশন কমিটির ১৯.১২.২০১৯ খ্রি. তারিখের সিদ্ধান্ত মোতাবেক সূত্রোক্ত ০৪ নং স্মারক মোতাবেক বিষয়টি অধিকতর তদন্তের জন্য জেলা প্রশাসক, দিনাজপুরকে সরেজমিনে তদন্তপূর্বক মতামতসহ একটি প্রতিবেদন প্রেরণের জন্য পত্র দেয়া হয়। উক্ত পত্রের প্রক্ষিতে কোন প্রতিবেদন মাদ্রাসা বোর্ডে প্রেরণ করা হয়নি।

৫. সূত্রোক্ত ৫ নং স্মারকের মাধ্যমে জনাব মো: নুরুল ইসলামসহ সংশ্লিষ্টদের পরস্পরের অভিযোগের বিষয়ে শুনানীর জন্য জন্য পত্র দেয়া হয়। উক্ত পত্রের প্রেক্ষিতে জনাব মো: নুরুল ইসলাম ২৬.০৬.২০২২ খ্রি. তারিখ হাজির হয়ে মৌখিক ও লিখিত বক্তব্য প্রদান করেন। মাদ্রাসার সভাপতি ও ভারপ্রাপ্ত অধ্যক্ষ উপস্থিত হননি। জনাব মো: নুরুল ইসলাম তার বিরুদ্ধে আনীত অভিযোগ ও মামলা বিষয়ে নিম্ন লিখিত বক্তব্য প্রদান করেন:

(ক) মামলা সংক্রান্ত বিষয়: জি আর-৭৫১/২০১৩ দ্রুত বিচার ৪০/১৩ (অব্যাহতি); জিআর-৭৫২/১৩ (বিচারাধীন); জিআর-০৮/১৪ (অব্যাহতি); জি আর-১২৬/১৩ (বিচারাধীন);জি আর-১৩২/১৩ (খালাস);জি আর ৬১/১৩ (বিচারাধীন); জি আর-৫৫/১৩ এর ST৬৩২/১৬(অব্যহতি);জি আর-৬০৫/১২(অব্যহতি);জি আর-৪০/০৬ দায়রা ২৬১/০৬ (বিচারাধীন);

(খ) মো: এনামুল হক সরকার এর ৬০,০০০/- (ষাট হাজার) টাকা ট্রেজারি চালানের মাধ্যমে ২০০৫ সালে ফেরত প্রদান করা হয়েছে এবং মো: মজিবর রহমান এর ২০,০০০ (বিশ হাজার) টাকাসহ তার সমুদয় টাকা নিজেই ট্রেজারি চালানের মাধ্যমে প্রেরণ করেছেন। ৪,২৯,৬০৪ (চার লক্ষ উনত্রিশ হাজার ছয়শত চার) টাকার বিষয়ে প্রয়োজনীয় কাগজপত্র সংযুক্ত করেছেন।

বর্ণিত অবস্থায় সার্বিক বিবেচনায়; ক) জনাব মো: নুরুল ইসলাম বিজ্ঞ আদালত কর্তৃক কোন মামলায় দন্ডিত না হওয়ায় এবং আপাতত কোন প্রমাণিত অভিযোগ না থাকায় তাঁকে পূনর্বহাল করা হলো ; খ) ভারপ্রাপ্ত অধ্যক্ষকে ০৭ (সাত) দিনের মধ্যে মাদ্রাসার সকল দায়িত্ব জনাব মো: নুরুল ইসলাম-কে বুঝিয়ে দেয়ার নির্দেশনা প্রদান করা হলো; গ) মাদ্রাসা সুষ্ঠভাবে পরিচালনার স্বার্থে পাসওয়ার্ড পরিবর্তনের লক্ষ্যে জনাব মো: নুরুল ইসলাম কে বোর্ডে আবেদন করার জন্য নির্দেশনা প্রদান করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

০৩.১১.২২

(মোঃ সিদ্দিকুর রহমান)
রেজিস্ট্রার
ফোন: ৯৬১২৮৫৮
ইমেইল: registrar@bmeb.gov.bd অধ্যক্ষ

৩/১১/২২

১। জনাব মো: নুরুল ইসলাম, অধ্যক্ষ, রাণীপুর নুরুল হুদা আলিম মাদ্রাসা
পো: রাণীগঞ্জ, উপজেলা: সদর, জেলা: দিনাজপুর;

২। সভাপতি, পরিচালনা কমিটি, রাণীপুর নুরুল হুদা আলিম মাদ্রাসা
পো: রাণীগঞ্জ, উপজেলা: সদর, জেলা: দিনাজপুর;

৩। মোছা: শাহজাদী লুসী বেগম, অধ্যক্ষ (ভারপ্রাপ্ত),রাণীপুর নুরুল হুদা আলিম মাদ্রাসা
পো: রাণীগঞ্জ, উপজেলা: সদর, জেলা: দিনাজপুর;

নং-বামাশিবো/প্রশাসন/দিনাজপুর-১৩৪/২/১৬৫৮

তারিখ: ১৮ কার্তিক, ১৪২৯ / ৩ নভেম্বর, ২০২২

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. জেলা শিক্ষা অফিসার, দিনাজপুর;
২. মো: হুমায়ুন কবির, এ্যাডভোকেট, বাংলাদেশ সুপ্রিম কোর্ট, ঢাকা;
৩. উপজেলা নির্বাহী অফিসার, সদর, দিনাজপুর;
৪. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সদর, দিনাজপুর;
৫. পি ও টু চেয়ারম্যান/পি এ টু রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
৬. অফিস কপি

৩/১১/২২

(মোঃ ওমর ফারুক)
উপ রেজিস্ট্রার (প্রশাসন)
ফোন: ৯৬৭৪৮৭৪
ইমেইল: dradmin@bmeb.gov.bd

৩/১১/২২

E:\আইন\Moshiur\মাদ্রাসায় পত্র প্রেরণ\রাণীপুর নুরুল হুদা আলিম মাদ্রাসা দিনাজপুর.doc